

১২

কালের কণ্ঠ

ঢাকা। বুধবার। ২৩ সেপ্টেম্বর ২০২৬
৮ আশ্বিন ১৪৩৩। ১১ রবিউস সানি ১৪৪৮

www.kalerkantho.com



ক্যাম্পাস সংবাদ

এনএসইউয়ে শেষ হলো ল ফেস্ট সিজন-৩

নর্থ সাউথ ইউনিভার্সিটি ল অ্যান্ড মুটিং সোসাইটি (এনএসইউএলএমএস) আয়োজিত ল ফেস্ট সিজন-৩ অনুষ্ঠিত হয়েছে। গত ১৯ সেপ্টেম্বর নর্থ সাউথ ইউনিভার্সিটিতে আয়োজিত তিন দিনব্যাপী এ আয়োজনে একাডেমিক ও ব্যবহারিক শিক্ষা, বিভিন্ন প্রতিযোগিতা, ক্যারিয়ারভিত্তিক কার্যক্রম, খেলাধুলা ও সাংস্কৃতিক আয়োজন ছিল। বাংলাদেশের ২০টির বেশি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থীরা এই আয়োজনে অংশ নেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আজিজ আল কায়সার, সদস্য ও সাবেক চেয়ারম্যান বেনজীর আহমেদ, সদস্য ও সাবেক চেয়ারম্যান এম এ কাশেম, এনএসইউ উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী, এনএসইউয়ের মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও আইন বিভাগের অধ্যাপক মো. রিজওয়ানুল ইসলাম, এনএসইউয়ের আইন বিভাগের



চেয়ারম্যান অধ্যাপক ইশতিয়াক আহমেদ, এনএসইউয়ের আইন বিভাগের সিনিয়র লেকচারার ও এনএসইউএলএমএসের ফ্যাকাল্টি উপদেষ্টা নাসমিন জাবিন নূরসহ শিক্ষক, শিক্ষার্থী, অংশগ্রহণকারী, সাবেক শিক্ষার্থী ও স্বেচ্ছাসেবকরা। সমাপনী অনুষ্ঠানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বলেন, 'সমাজ গঠনে আইনজীবীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আইন পেশায় সততা, দায়িত্বশীলতা ও নিষ্ঠা অত্যন্ত প্রয়োজন।' এনএসইউ ট্রাস্টি বোর্ডের

চেয়ারম্যান আজিজ আল কায়সার বলেন, 'এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের ভবিষ্যৎ আইন পেশার জন্য প্রস্তুত হতে এবং বাস্তব অভিজ্ঞতা অর্জনে সহায়তা করে।' নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী বলেন, 'এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের পারস্পরিক যোগাযোগ, অভিজ্ঞতা বিনিময় ও শেখার সুযোগ তৈরি করেছে।'